দৈনিক ইনকিলাব
তারিখ 25 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 1
016

ডকুমেন্টেশন কেন্দ্র

এস এস সি ঃ কয়েকটি কেন্দ্র নকল সরবরাহকারীদের নিয়ন্ত্রণে

# ভূগোল পরীক্ষায় ১ হাজার পরীক্ষার্থী বহিষ্কার

॥ স্টাফ রিপোর্টার ॥

গণ-টোকাটুকি, বহিষ্কার, গ্রেফতার ও গাড়ী ভাংচুরের মধ্যদিয়ে গতকাল দেশের ৪টি শিক্ষা বোর্ডের অধীনে ভূগোল পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

পরীক্ষা চলাকালীন সময়ে গতকালও মির্জাপুর, দাউদকান্দি, নোয়াখালী ও কিশোরগঞ্জ জেলার ৪/৫টি কেন্দ্র নকল সরবরাহকারীদের নিয়ন্ত্রণে ছিল।

নকল সরবরাহের অভিযোগে দেশের বিভিন্ন কেন্দ্র থেকে ৮ জন শিক্ষককে বহিষ্কারের খবর পাওয়া গেছে। নকল সরবরাহের অভিযোগে পুলিশ চান্দিনা ও বন্দর কেন্দ্রসহ কয়েকটি কেন্দ্র থেকে ১ জন মহিলাসহ ২০ জনকে গ্রেফতার করেছে।

গতকালের পরীক্ষায় নকলের দায়ে তিনটি বোর্ডের প্রায় ১০০টি কেন্দ্র থেকে প্রায় ১ হাজার ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। এ রিপোর্ট লিখা পর্যন্ত রাজশাহী বোর্ডের কোন সংবাদ পাওয়া যায়নি।

**মির্জাপুর**

ঢাকা বোর্ডের ৯ জন কর্মকর্তা গতকাল মির্জাপুরে পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করতে গিয়ে সেখানে মাত্র ২ জন পুলিশের উপস্থিতি পেয়েছেন বলে জানান। বোর্ড সূত্রে জানানো হয়েছে, মির্জাপুর কেন্দ্রে শিক্ষকগণকে তাদের কক্ষে বসা অবস্থায় দেখা গেছে। প্রশাসন বলতে কোন কিছু সেখানে ছিল কি-না তা তারা অনুমান

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

**পরীক্ষার্থী বহিষ্কার**

প্রথম পৃষ্ঠার পর

করতে পারেননি। সম্পূর্ণরূপে 'ফ্রি স্টাইলে' পরীক্ষা চলছিল বলেও বোর্ড সূত্রে জানানো হয়েছে।

**কিশোরগঞ্জ**

কিশোরগঞ্জের করিমগঞ্জ হাই স্কুল কেন্দ্রে পরীক্ষা গ্রহণ গতকালও নকল সরবরাহকারীদের নিয়ন্ত্রণে ছিল। কেন্দ্রের শিক্ষকগণ নির্ধারিত হল ছেড়ে নকল সরবরাহকারীদের সাথে একত্রিত হয়ে যায় বলে অভিযোগ পাওয়া গেছে।

**মানিকগঞ্জ**

মানিকগঞ্জ কেন্দ্রে নকলের অভিযোগে ম্যাজিস্ট্রেট ৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করার প্রতিবাদে ছাত্ররা ম্যাজিস্ট্রেটের জীপ গাড়ীটি (ঢাকা মেট্রো-চ-৯২৫৪) ভাংচুর করে। এ সময় ছাত্রদের ইট পাটকেল নিক্ষেপে ২ জন পুলিশ আহত হয়েছে বলে সংবাদদাতা জানিয়েছেন।

**ঢাকা বোর্ড**

এসএসসি পরীক্ষার চতুর্থ দিনে গতকাল ঢাকা বোর্ডের মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, নেত্রকোনা, শেরপুর, মির্জাপুর, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, বৃহত্তর ময়মনসিংহ জেলা ও ফরিদপুর জেলার বিভিন্ন উপজেলা কেন্দ্রসহ প্রায় ৪০টি কেন্দ্র থেকে নকলের অভিযোগে প্রায় ৪শ' ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।

**কুমিল্লা বোর্ড**

এসএসসি পরীক্ষার চতুর্থ দিনে গতকাল কুমিল্লা বোর্ডের কুমিল্লা জেলা, চাঁদপুর, দাউদকান্দি, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, নোয়াখালী প্রভৃতি জেলার ৩৫টি কেন্দ্র থেকে নকলের দায়ে ৪ শতাধিক ছাত্র-ছাত্রীকে গ্রেফতার করা হয়েছে।

**যশোর বোর্ড**

যশোর বোর্ড কন্ট্রোলার অফিস থেকে প্রাপ্ত সংবাদ অনুযায়ী গতকাল বোর্ডের যশোর, ঝিনেদা, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা, পটুয়াখালী, ঝালকাঠি ও বরিশাল জেলার ১৯টি কেন্দ্র থেকে নকলের দায়ে প্রায় দেড়শ ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে।